

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৬৮

আগরতলা, ২৩, জানুয়ারি, ২০২৪

ক্ল লোটাস ক্লাবের ধলেশ্বরী উৎসবের উদ্বোধন
সমাজ পরিবর্তনে এখন ক্লাবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে : মুখ্যমন্ত্রী

সামাজিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে সুস্থ সমাজ গঠনে ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এলাকার জনগণের বিভিন্ন সমস্যা নিরপেক্ষভাবে সমাধানে ক্লাবগুলি এলাকাবাসীর আস্থার প্রতীক হিসেবে গড়ে উঠেছে। সমাজ পরিবর্তনে এখন ক্লাবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। আজ ধলেশ্বরস্থিত ক্ল লোটাস ক্লাবে ৪ দিনব্যাপী ধলেশ্বরী উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের বিভিন্ন ক্লাবগুলি বর্তমানে ক্লাবের দৈনন্দিন কাজকর্মের পাশাপাশি সামাজিক দায়িত্বও পালন করছে। রাজ্যের অন্যতম ক্লাব ক্ল লোটাসও সামাজিক কর্মসূচি হিসেবে ক্যান্সার রোগীদের মধ্যে ফল বিতরণ, বৃদ্ধাশ্রমের আবাসিকদের সহায়তা করা সহ রক্তদানের মতো বিভিন্ন সামাজিক দায়িত্ব পালন করে আসছে। যা নিঃসন্দেহে প্রশংসনীয় ঘোষ্য।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য বিগতদিনে ক্লাবগুলির মধ্যে সবসময় একটা আতঙ্কের পরিবেশ লক্ষ্য করা যেত। বর্তমানে এই অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। এখন ক্লাবগুলি এলাকার বিভিন্ন সমস্যা যেমন, গার্হস্থ্য সমস্যা, জমি সংক্রান্ত সমস্যা সহ নানা সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, জাতপাত, ধর্মবর্ণের ভেদাভেদের উদ্বৰ্দ্ধে উচ্চ স্বেচ্ছায় রক্তদান হল মানব ধর্মের শ্রেষ্ঠ দান। মানুষ মানুষেরই জন্য তা রক্তদানের মাধ্যমেই প্রমাণিত হয়ে আসছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রক্তদানে ক্লাব ও বিভিন্ন সামাজিক সংগঠনগুলিকে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে খাদি ও গ্রামোদ্যক পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য বলেন, সমাজের প্রতি দায়বদ্ধতা থেকেই ক্লাবগুলি রক্তদানের মতো মহৎ কাজে এগিয়ে এসেছে। পাশাপাশি সমাজকে সুস্থ রাখার ক্ষেত্রেও ক্লাবগুলি অগ্রন্তি ভূমিকা নিচ্ছে। অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন আগরতলা পুর নিগমের কর্পোরেট মন্মুক্তা ভট্টাচার্য, কর্পোরেট সীমা দেবনাথ, ক্ল লোটাস ক্লাবের সভাপতি নবেন্দু ভট্টাচার্য প্রমুখ। ধলেশ্বরী উৎসবের পাশাপাশি ক্ল লোটাস ক্লাবের ৫৩ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে এদিন ক্লাব প্রাঙ্গনে এক স্বেচ্ছা রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রীসহ অন্যান্য অতিথিগণ রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন। ধলেশ্বরী উৎসব উপলক্ষে ক্ল লোটাস ক্লাব প্রাঙ্গনে ৪ দিনব্যাপী বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।